রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ২৬, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১২ আষাঢ় ১৪২৬ /২৬ জুন ২০১৯

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.১৯৩—এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) কর্তৃক এপ্রিল ২০১৯-এ প্রকাশিত 'এশিয়ান ডেভেলপমেন্ট আউটলুক ২০১৯' শীর্ষক প্রতিবেদনে এশিয়া-প্যাসিফিক অঞ্চলের ৪৫টি দেশের মধ্যে বাংলাদেশকে দ্রুততম অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনকারী দেশ হিসাবে উল্লেখ করা হয়েছে। এডিবি-এর আবাসিক পরিচালক গত ১৯ জুন ২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট উক্ত প্রতিবেদন হস্তান্তর করেন।

২। এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) কর্তৃক প্রকাশিত 'এশিয়ান ডেভেলপমেন্ট আউটলুক ২০১৯' শীর্ষক প্রতিবেদনে বাংলাদেশকে এশিয়া-প্যাসিফিক অঞ্চলের ৪৫টি দেশের মধ্যে দ্রুততম অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনকারী দেশ হিসাবে উল্লেখ করায় বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১০ আষাঢ় ১৪২৬/২৪ জুন ২০১৯ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ড. মোঃ শামসুল আরেফিন
সিনিয়র সচিব, সমন্বয় ও সংস্কার


**মূল্য :** টাকা ৪.০০

**মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব**

ঢাকা : ১০ আষাঢ় ১৪২৬ / ২৪ জুন ২০১৯

এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) কর্তৃক এপ্রিল ২০১৯-এ প্রকাশিত 'এশিয়ান ডেভেলপমেন্ট আউটলুক ২০১৯' শীর্ষক প্রতিবেদনে এশিয়া-প্যাসিফিক অঞ্চলের ৪৫টি দেশের মধ্যে বাংলাদেশকে দ্রুততম অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনকারী দেশ হিসাবে উল্লেখ করা হয়েছে। এডিবি-এর আবাসিক পরিচালক গত ১৯ জুন ২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট উক্ত প্রতিবেদন হস্তান্তর করেন। এশিয়া-প্যাসিফিক অঞ্চলের ৪৫টি দেশের অর্থনীতির গতিধারা পর্যবেক্ষণ, পর্যালোচনা ও মূল্যায়ন করে এডিবি এই প্রতিবেদন প্রস্তুত করেছে। প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে ১৯৭৪-এর পর বাংলাদেশের অর্থনীতির দ্রুততম প্রবৃদ্ধি হয়েছে ২০১৮ সালে। দক্ষ নেতৃত্ব, সুশাসন, স্থিতিশীল সরকার, সুনিপুণ অর্থনৈতিক ব্যবস্থাপনা, উচ্চ বিনিয়োগ, সুদৃঢ় ভোক্তা-চাহিদা, আমদানি-রপ্তানি বৃদ্ধি, সুনিয়ন্ত্রিত মূল্যস্ফীতি, রেমিট্যান্স প্রবাহের উর্ধ্বগামিতা প্রভৃতি - প্রবৃদ্ধির গতিশীলতার ক্ষেত্রে শক্তি-সঞ্চারক উপাদান হিসাবে কাজ করেছে। ব্যালেন্স অব পেমেন্টস্-এর চলতি হিসাবের ঘাটতির ক্রমসংকোচন প্রবৃদ্ধির এই ধারাকে আরও বেগবান করবে মর্মে প্রতিবেদনে মত প্রকাশ করা হয়েছে। কৃষি ও শিল্প খাতের সম্প্রসারণ, বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহ বৃদ্ধি, বেসরকারি খাতে ঋণপ্রবাহ বৃদ্ধি, মাঝারি ও ক্ষুদ্র শিল্পের ব্যাপক প্রসার এই উন্নয়ন-প্রক্রিয়াকে করেছে সাফল্যমন্ডিত। এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) এই মর্মে আশাবাদ ব্যক্ত করে যে, অর্থনৈতিক উন্নয়নের নিয়ামক উপাদানসমূহের এই ধনাত্মক ও ইতিবাচক প্রভাব ভবিষ্যতের প্রবৃদ্ধির ধারাকে গতিশীল রেখে বাংলাদেশের অর্থনীতিকে আরও উত্তরণশীল অবস্থানে অধিষ্ঠিত করবে।

মন্ত্রিসভা এই মর্মে অভিমত ব্যক্ত করে যে, ১৯৭৪ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের যুদ্ধবিধ্বস্ত অর্থনীতির উত্তরণ ঘটিয়ে যেভাবে অর্থনৈতিক প্রবৃদ্ধির উচ্চহার অর্জনে সক্ষম হয়েছিলেন, সেই উন্নয়ন-দর্শনের রূপরেখায় বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা সরকার পরিচালনার ক্ষেত্রে প্রবৃদ্ধির দ্যুতি অক্ষুণ্ণ রেখে দেশের সামগ্রিক উন্নয়ন এগিয়ে নিয়ে যাচ্ছেন। বঙ্গবন্ধুর রোডম্যাপ এবং পরিবর্তনশীল বিশ্ব-পরিস্থিতির সঙ্গে সঙ্গতি রেখে প্রায়োগিক অর্থনৈতিক ব্যবস্থাপনা ও কার্যকর নীতি-কৌশল বাস্তবায়নের মধ্য দিয়ে টেকসই উন্নয়নসহ দেশের সামগ্রিক আর্থ-সামাজিক প্রাগ্রসরতা নিশ্চিত করতে সরকার পরিচালনায় তিনি বিশেষ অবদান রাখছেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্ব ও প্রাজ্ঞ দিক্-নির্দেশনায় বাংলাদেশ ইতোমধ্যে স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে উত্তরণের যোগ্যতা অর্জন করেছে এবং উন্নয়ন-কার্যক্রম বাস্তবায়নের মধ্য দিয়ে বাংলাদেশ অন্তর্ভুক্তিমূলক, পরিবেশবান্ধব ও আয়বৈষম্য-হ্রাসকর উন্নয়ন নিশ্চিতকরণে দৃপ্ত পদক্ষেপে এগিয়ে যাচ্ছে। রপ্তানি-বৈচিত্র্যায়ন, বাজার-সম্প্রসারণ, দক্ষতা-উন্নয়ন, ব্যবসায়-পরিবেশ উন্নয়ন, প্রবাস-আয় বৃদ্ধি, শিক্ষার গুণগত মানোন্নয়ন, বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক শিক্ষার প্রসার, কর্মমুখী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার সম্প্রসারণ এবং নারীবান্ধব কর্মপরিবেশ সৃজন তাঁর নেতৃত্বের সাফল্যজনক অর্জন। উন্নয়নের বিভিন্ন সূচকে বাংলাদেশের অগ্রগতি ও সাফল্য বিশ্বের দরবারে বাংলাদেশের অবস্থানকে একটি জাজ্বল্যমান উদাহরণ হিসাবে সমুচ্চ মর্যাদায় আসীন করেছে।

মন্ত্রিসভা মনে করে যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রাজ্ঞ ও সুদক্ষ নেতৃত্বের ফলেই এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) কর্তৃক প্রকাশিত 'এশিয়ান ডেভেলপমেন্ট আউটলুক ২০১৯' শীর্ষক প্রতিবেদনে বাংলাদেশকে এশিয়া-প্যাসিফিক অঞ্চলের ৪৫টি দেশের মধ্যে দ্রুততম অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনকারী দেশ হিসাবে উল্লেখ করা হয়েছে।

এ সম্মান বাংলাদেশের, এ সম্মান সমগ্র বাঙালি জাতির। এ অর্জন আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থানকে আরও মর্যাদাপূর্ণ ও সুসংহত করেছে। এই প্রেক্ষাপটে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) কর্তৃক প্রকাশিত 'এশিয়ান ডেভেলপমেন্ট আউটলুক ২০১৯' শীর্ষক প্রতিবেদনে বাংলাদেশকে এশিয়া-প্যাসিফিক অঞ্চলের ৪৫টি দেশের মধ্যে দ্রুততম অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনকারী দেশ হিসাবে উল্লেখ করায় বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।

এই পর্যায়ে প্রধানমন্ত্রী দেশের অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে অভূতপূর্ব সাফল্য অর্জনের জন্য বাংলাদেশের জনগণ, মন্ত্রিসভার সদস্যবৃন্দ এবং প্রজাতন্ত্রের সকল কর্মকর্তা-কর্মচারীকে ধন্যবাদ জানান।

মোঃ তারিকুল ইসলাম খান, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd